


প্রতীতির বর্ষবরণ অনুষ্ঠান

কামরুজ্জামান মুখা



গত ৩১ শে মার্চ ২০১২, শনিবার প্রতীতি আয়োজন করেছিল বাংলা নববর্ষ ১৪১৯ উপলক্ষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। ব্লাকটাউনের শেলী পাবলিক স্কুল হলে সকাল পৌনে দশটায় অনুষ্ঠান শুরু হয়। নানা রঙ এর আলপনা আঁকা ব্যানার দিয়ে সাজানো হয়েছিল মঞ্চ। শিল্পীরা সবাই সারিবদ্ধ হয়ে বসে শুরু করেন অনুষ্ঠান। প্রথম গান নব আনন্দে জাগো। দ্বিতীয় গান - অন্তর মম বিকশিত কর। এভাবে কখনো একক এবং কখনো

সমবেত কণ্ঠে অনেকগুলি চমৎকার গান প্রথম পর্বে পরিবেশন করেন তারা। প্রথম পর্বের শেষ গানটি ছিল - প্রাণ চায় চক্ষু না চায়।

প্রতীতি বর্ষবরণ অনুষ্ঠানে প্রতিবছর বর্ষসেরা বাঙালী হিসেবে একজনকে পদক প্রদান করে থাকে। এ বছর পদক পেলেন বাংলা-সিডনি ডট কম ওয়েবসাইটের সম্পাদক জনাব আনিসুর রহমান। তিনি তার ওয়েবসাইট, হুমায়ুন ফরীদি এর ওপর নির্মিত ভিডিও এবং You-বিতান নামে রবীন্দ্রসঙ্গীতের একটি সংগ্রহ নির্মাণের জন্য এই পদক পেলেন। এরপর ছিল পনেরো মিনিটের বিরতি। এ সময় হলের বাইরে নানা ধরনের দেশীয় মিষ্টি ও পিঠার সাথে গরম চা এর ব্যবস্থা করা হয়েছিল।



বিরতির পর ছিল কবিতা পাঠ এবং অতিথি শিল্পী শুভা এর গান। কবিতা আবৃত্তি করেছেন কণা এবং শাহিন শাহনেওয়াজ।

দ্বিতীয় পর্বে অনেকগুলি চমৎকার গান পরিবেশন করেছেন প্রতীতির শিল্পীরা - ঘুমের দেশে ঘুম ভাঙতে, তোমার আমার ঠিকানা সহ বেশ কিছু গান। শেষ গানটি ছিল - নবারুণ রাগে জাগে রে। অনুষ্ঠানে তবলায় সহযোগিতা করেছেন রাশেদুল কবীর, গিটারে হাসান জাহিদ এবং কীবোর্ডে রুমানা।



সব শেষে ছিল বাঙালী সাজের জন্য পুরস্কার। বড়দের গ্রুপে পুরস্কার পেলেন - পুরুষ: হাকিমুর রহমান, মহিলা: নাজনীন খন্দকার। কিশোর-কিশোরীদের গ্রুপে - কিশোরী: জুনহাই। শিশুদের গ্রুপে পুরস্কার পেয়েছে - আয়ান ও রেনিতা। সান্ত্বনা পুরস্কার পেয়েছেন - সাবিনা ভূঁইয়া, রোকেয়া কবীর ও নিলুফার সখি। এ ছাড়াও ছিল বেশ কিছু ধন্যবাদ-পুরস্কার। প্রতীতিকে নানা ভাবে সাহায্য করার জন্য এবছর এই পুরস্কারগুলি পেয়েছেন - বুশরা, আনিকা, নদী, নোটন, দীনা, চম্পা, শুভা এবং রুমানা।

প্রবাসে নানা জটিলতার মাঝেও সিরাজুস সালেকিন এর নেতৃত্বে প্রতীতির শিল্পীরা যে ভাবে প্রতিবছর বর্ষবরণ অনুষ্ঠানের আয়োজন করে আসছে তা সত্যই প্রশংসনীয়। তবে অনুষ্ঠানটি আগের মত কোন পার্কে হলে অনেক বেশী উপভোগ্য হতো। তাছাড়া অনুষ্ঠানটি সকালে না করে বিকালের দিকে করলে দর্শক বেশী হবে বলে আমি মনে করি।

